

## স্কুল কলেজ মাদ্রাসার ১০টা-৪টা সময়সূচি মনিটরের ব্যবস্থা হচ্ছে

রাশেদ মেহেদী ॥ সরকারি-বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের কর্মঘণ্টা সকাল ১০টা থেকে ৪টা পর্যন্ত কার্যকর করার বিষয়টি মনিটরের ব্যবস্থা করা হচ্ছে। গতবর্ষ 'সংবাদ'-এর সঙ্গে আলাপকালে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক এ তথ্য দিয়েছেন।

উল্লেখ্য, সরকার ইতোমধ্যে স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের কর্মঘণ্টা সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত করার সিদ্ধান্ত নিয়েছে এবং বিভিন্ন শিক্ষক সংগঠন মনিটর : পৃঃ ২ কঃ ৭

### মনিটর : স্কুল কলেজ

(১ম পৃষ্ঠার পর)

এ ব্যাপারে প্রতিক্রিয়া জানিয়েছে এর পরিপ্রেক্ষিতে হঠাৎ করে এ মুহূর্তে এ সিদ্ধান্ত কেন নেয়া হলো জানতে চাইলে শিক্ষামন্ত্রী বলেন, আমি বিভিন্ন সময়ে বিভিন্ন স্কুল, কলেজ পরিদর্শনকালে দেখেছি শিক্ষকরা প্রায়ই অনুপস্থিত থাকেন। একাধিক স্থানে মতবিনিময়কালে অভিভাবকরাও শিক্ষকদের অনুপস্থিত থাকার ব্যাপারে অভিযোগ করেছেন। কয়েকদিন আগে ময়মনসিংহে গিয়েছিলাম। সেখানেও মতবিনিময়কালে অভিভাবকরা অভিযোগ করেছেন। তিনি বলেন, ছাত্ররা পড়তে চায় না— এ অভিযোগ সর্বাংশে সত্য নয়, শিক্ষকরা পড়াতে চান না বলেই ছাত্ররা পড়তে আগ্রহী হয় না। আমি শিক্ষকের কথা বলব না, সময়মতো ক্লাসে যান না, স্কুলে ওয়াকিং আওয়ারে উপস্থিত থাকেন না এমন শিক্ষকও আছেন। এ কারণেই এ সিদ্ধান্ত নিতে হয়েছে। মূলত শিক্ষা প্রতিষ্ঠানে শৃঙ্খলা ফিরিয়ে আনাই আমাদের উদ্দেশ্য। তিনি বলেন, শুধু তাই নয় ভবিষ্যতে স্কুল-কলেজে শিক্ষকদের উপস্থিতি সুপারভিশন করার ব্যবস্থা করা হবে। কবে থেকে এ ব্যবস্থা নেয়া হবে এবং কারা এর দায়িত্বে থাকবে জানতে চাইলে তিনি বলেন, আমরা এখন চিন্তা-ভাবনা করছি। সবদিক ভেবেই সিদ্ধান্ত নেয়া হবে। আমাদের অফিসারের সংখ্যা কম। অতএব আমাদের ভেবে-চিনেতই সিদ্ধান্ত নিতে হবে।

তিনি এ প্রসঙ্গে আরও বলেন, আমাদের শিক্ষকের সংখ্যাও কম, তার ওপর শিক্ষকরা ঠিকমতো ক্লাস না নিলে সমস্যা আরও বাড়ে। আমরা যে সিদ্ধান্ত নিয়েছি তা সবার জন্য মঙ্গলজনক হবে, শিক্ষাঙ্গনগুলো সুষ্ঠুভাবে পরিচালিত হবে— এটাই আমরা আশা করি।